



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
**পার্বত্য জেলা পরিষদ**  
খাগড়াছড়ি পার্বত্য জেলা  
[www.khdc.gov.bd](http://www.khdc.gov.bd)

নং - ২৯.২৩৬.০১৮.৩৩.৭৭.০০৫.২০১৯ - ২৪৫৪

তারিখ : ১৮/০৯/২০১৯ খ্রি.

**মৌ পালনকারী প্রশিক্ষণের জন্য দরখাস্ত আহ্বান :-**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগীতায় SID-CHT, UNDP এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নধীন প্রকল্পের আওতাধীন খাগড়াছড়ি জেলার ০৯ (নয়) টি উপজেলার পিডিসি/পাড়া/কৃষক মাঠ স্কুল হতে ২২/০৯/২০১৯ খ্রীস্টাব্দ তারিখ থেকে মৌ পালনে আগ্রহী প্রার্থীদের জীবন বৃত্তান্ত ও নিম্নে বর্ণিত কাগজপত্র সহ মাননীয় চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রার্থীকে দরখাস্ত ও প্রয়োজনীয় কাগজপত্রাদি সংশ্লিষ্ট উপজেলার কৃষি ও খাদ্য নিরাপত্তা প্রকল্পের কার্যালয়ে আগামী ০৬/১০/২০১৯ খ্রীস্টাব্দ তারিখের মধ্যে জমা দিতে হবে।


মৌ পালনকারী হিসেবে আবেদনকারী প্রার্থীর যোগ্যতা :

১) শিক্ষাগত যোগ্যতা : কম পক্ষে পঞ্চম শ্রেণী পাশ ২) মৌ পালনে আগ্রহী হতে হবে ৩) প্রার্থীকে নির্ধারিত পাড়া/পিডিসির/কৃষক মাঠ স্কুলের স্থায়ী বাসিন্দা হতে হবে ৪) বয়স ২০-৫০ বছর হতে হবে ০৫) স্থানীয় ভাষা বুঝতে পারা ও বাংলা ভাষায় যোগাযোগ করার দক্ষতা থাকতে হবে ০৬) নিজে করা ও অন্যদের শেখানোর মানসিকতা থাকতে হবে ০৭) উপযুক্ত নারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদন পত্রের সাথে জীবন বৃত্তান্ত সহ নিম্ন লিখিত কাগজ পত্রগুলো (সত্যায়িত কপি) অবশ্যই জমা দিতে হবে :

১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান /পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ পত্র ২) জন্ম নিবন্ধন সনদ পত্র অথবা জাতীয় পরিচয় পত্র ৩) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট আকারের ছবি।

প্রতিটি উপজেলা হতে নির্দিষ্ট সংখ্যক প্রার্থী নির্বাচন করা হবে এবং নির্বাচিত প্রার্থীকে প্রশিক্ষণ শেষে মূল্যায়ণ পূর্বক মৌ পালনের জন্য প্রয়োজনীয় উপকরণ প্রদান করা হবে। উল্লেখ্য যে, নির্বাচিত মৌ পালনকারীকে প্রশিক্ষণ গ্রহণ শেষে তা বাস্তবায়ন করার মানসিকতা থাকতে হবে।

  
(টিটন খীসা)  
নির্বাহী কর্মকর্তা  
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।  
ফোন (০৩৭১) ৬১৯৩৬